গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডিমলা, নীলফামারী।

স্মারক নং- ০৫.৪৭.৭৩১২.০০০.০২.০৪০.২৩-১০৮৬ তারিখঃ ০৫-১১-২০২৩ খ্রি.

## "পুনঃ স্পট নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডিমলা উপজেলায় সিল্টট্রাপ পুনঃখননের ফলে উত্তোলিত বালু/মাটি স্পট নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিবর্গকে আগামী ১৩/১১/২০২৩ খ্রিঃ তারিখে রোজ সোমবার সকাল ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হল কক্ষে স্পট নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। আগ্রহী ব্যক্তিবর্গ স্পট নিলাম ডাকে সিল্টট্রাপ পুনঃখননের ফলে উত্তোলিত বালু দেখে নিতে পারবেন। স্পট নিলাম ডাকের পরে কোন প্রকার আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

### স্পট নিলাম ডাকের শর্তাবলী

০১. স্পট নিলাম ডাকের পূর্বে (সকাল-১১:০০ ঘটিকার মধ্যে) ডাককারীদের প্রত্যেককে স্পট নিলাম ডাক পরিচালনাকারী কর্মকর্তার নিকট প্রতি লটের জন্য নগদ ১০০০০০/- (এক লক্ষ) টাকা জমা প্রদান সাপেক্ষে স্পট নিলাম ডাকে অংশ গ্রহণ করতে পারবেন। অন্যথায় স্পট নিলাম ডাকে অংশ গ্রহণ করতে দেওয়া হবে না।

০২. স্পট নিলাম ডাক শেষে সর্বোচ্চ ডাককারীকে ডাকের সমুদয় টাকা এবং উক্ত টাকার উপর সরকারী রাজস্ব ৫% আয়কর, ১৫% মূল্য সংযোজন কর এবং ৫% জামানতসহ সমুদয় টাকা তাৎক্ষনিক ভাবে স্পট নিলাম ডাক পরিচালনাকারী কর্মকর্তার নিকট জমা প্রদান করতে হবে। অন্যথায় তার ডাক বাতিলসহ জামানত বাতিল বলে গণ্য করা হবে। সকল নিলাম ডাককারী কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির পর বালু/মাটি অপসারণের সময় জনসাধারণের কোন ক্ষতি করলে কিংবা নিলামের শর্ত ভঙ্গ করলে তা ঐ ৫% জামানত হতে পরিশোধ করা হবে এবং বালু/মাটি অপসারণের পর সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার নিকট হতে প্রতিবেদন পাওয়ার পর ৫% জামানত ফেরৎ প্রদান করা হবে।

০৩. অকৃতকার্য ডাককারীদের ডাক শেষে জমাকৃত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।

০৪. নিলামের সমুদয় অর্থ পরিশোধের পর কার্যাদেশ প্রাপ্তির দিন হতে সমুদয় বালু ১৮০ দিনের মধ্যে উত্তোলিত বালুর নির্ধারিত লট হতে সরিয়ে নিতে হবে। নির্ধারিত লট ব্যতীত লটের সীমানার বাহিরে কোন প্রকার বালু সংগ্রহ করা যাবে না।

০৫. নিলাম ডাককারীকে বালু/মাটির বাস্তব মজুদ পরিদর্শন করে নিলামে অংশ গ্রহণ করতে হবে। নিলাম শেষে মজুদ সম্পর্কিত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৬. বালু পরিবহন কার্যক্রমের ফলে বাঁধ, রাস্তা, ব্রিজ, কালভার্ট, গুরুত্বপূর্ণ সরকারি/বেসরকারী স্থাপনার ক্ষতিসাধন করা যাবে না।

০৭. বালু পরিবহনকালে অবশ্যই ঢেকে (কাভার) পরিবহন করতে হবে। রাতে বালু পরিবহন করা যাবে না।

০৮. নিলামের শর্তসমূহ নিলাম কর্তৃপক্ষ কোন প্রকার পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই পরিবর্তন করতে পারবেন।

০৯. কোন কারণ দর্শানো ব্যাতিরেকেই স্পট নিলাম পরিচালনাকারী কর্মকর্তা স্পট নিলাম ডাক/সর্বোচ্চ ডাককারীর ডাক/সমুদয় ডাক অনুমোদন অথবা বাতিল করতে পারবেন।

১০. নিলামকৃত বালু কার্যাদেশ প্রাপ্তির দিন হতে ১৮০ দিনের মধ্যে সংগ্রহ করতে হবে। ১৮০ দিনের পর কোন ভাবেই বালু সংগ্রহ করা যাবে না। এক্ষেত্রে কোন ধরণের আবেদন বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

## স্পট নিলামের স্থান সমূহঃ

<table>
<tr><th>লট নং</th><th>পুনঃখনন কাজের নাম ও প্যাকেজ নং</th><th>স্টককৃত বালু/মাটির অবস্থান (উপজেলা, ইউনিয়ন, গ্রাম/মহল্লা)</th><th>অবস্থান</th><th>স্টককৃত বালু/মাটির পরিমান (ঘনফুট)</th><th>সরকারী নিলাম মূল্য</th></tr>
<tr><td>২</td><td rowspan="2">কাজের নামঃ-নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন সিল্টট্রাপ জলাশয় ও সন্নিহিত ইনটেক ক্যানেল পুনঃখনন কাজ।<br>প্যাকেজ নংঃ-ডালিয়া-ডব্লিউ-০৬/২০২০-২১/নীলফামারী জেলা</td><td rowspan="2">ইউনিয়নঃ-খালিশা চাপানি<br>উপজেলাঃ-ডিমলা<br>জেলাঃ-নীলফামারী।</td><td>সিল্ট ট্রাপের দক্ষিণ পাশে, প্রধান খালের শুরুতে ।</td><td>২৫,১৫,৫৫৮.০৮৩</td><td>১২,৫৭,৭৭৯.০৪০</td></tr>
<tr><td>৩</td><td>সিল্ট ট্রাপের পশ্চিম পাশে, সীমান্ত বাজার সংলগ্ন।</td><td>৪৩,২০,৫৭৪.৮২৯</td><td>২১,৬০,২৮৭.৪১৫</td></tr>
</table>

(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ডিমলা, নীলফামারী
ও
সভাপতি, নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত কমিটি।

**উপ-বিভাগীয় প্রকৌশলীর দপ্তর**
**দোয়ানী পওর উপ-বিভাগ**
**বাপাউবো, দোয়ানী, লালমনিরহাট।**

স্মারক নং- দোয়ানী/এ-১২/২২৬ তারিখঃ ০৫-১১-২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। বিভাগীয় কমিশনার, রংপুর।
০২। জেলা প্রশাসক, নীলফামারী ও সভাপতি, জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি।
০৩। পুলিশ সুপার, নীলফামারী।
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
০৫। নির্বাহী প্রকৌশলী, ডালিয়া পওর বিভাগ, বাপাউবো, ডালিয়া, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক/রাজস্ব), নীলফামারী।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা ও সভাপতি নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত কমিটি।
০৯। উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক উপ-বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, নীলফামারী ও সদস্য, নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত কমিটি।
১০। উপজেলা প্রকৌশলী, এল,জি,ই,ডি, ডিমলা নীলফামারী ও সদস্য, নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত কমিটি।
১১। সহকারী কমিশনার (ভূমি), ডিমলা, নীলফামারী ও সদস্য, নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত কমিটি। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১২। অফিসার ইনচার্জ, ডিমলা, নীলফামারী ও সদস্য, নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত কমিটি। (নিলাম ডাকের দিন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ডিমলা, নীলফামারী কার্যালয়ে নিরাপত্তার জন্য পুলিশ ফোর্স নিয়োগ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো)।
১৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ডিমলা, নীলফামারী। তাকে নিলাম দরপত্র বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪। উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, দোয়ানী পওর শাখা-১, বাপাউবো, দোয়ানী, লালমনিরহাট। (তাঁকে Re-Assesment অনুযায়ী নিলামকৃত বালি/মাটির মজুত নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক নিলামকারীকে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। চেয়ারম্যান, খালিশা চাপানি, ইউনিয়ন পরিষদ, ডিমলা, নীলফামারী ও সদস্য, নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত কমিটি। তাকে সংশ্লিষ্ট হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬। সচিব, খালিশা চাপানি, ইউনিয়ন পরিষদ, ডিমলা, নীলফামারী। তাকে সংশ্লিষ্ট হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, খালিশা চাপানি, ইউনিয়ন ভূমি অফিস, ডিমলা, নীলফামারী। তাকে তার আওতাধীন হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচার করে উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, কার্যালয়ে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৮। নোটিশ বোর্ড।
১৯। দপ্তর কপি।

০৫/১১/২০২৬

(মোঃ রাশেদীন)
উপ-বিভাগীয় প্রকৌশলী
দোয়ানী পওর উপ-বিভাগ,
বাপাউবো, দোয়ানী, লালমনিরহাট।
ও
সদস্য সচিব,
নদ-নদী, খালবিল, সরকারি জলাশয়ে
খননকৃত বালু ও মাটি নিলাম সংক্রান্ত
কমিটি।